

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর

নং এফ.৭৬(৭)-আই.সি.এ/২০২৯/কাল

তারিখ, আগরতলা ৯ নভেম্বর, ২০২০

বিজ্ঞপ্তি

“ ত্রিপুরা পলিসি ফর স্ক্রীনিং এন্ড এমপ্যানেলমেন্ট অব কালচার্যাল আর্টিস্টস/অর্গানাইজেশনস”

ত্রিপুরা সরকার সাংস্কৃতিক শিল্পী/ সাংস্কৃতিক সংগঠনের বাছাই এবং তালিকাভুক্ত করণের নীতি প্রণয়ন করেছে যাতে করে তথ্য ও সংস্কৃতি দপ্তরে একটি ডাটাবেস (যে সকল তথ্যের উপর নির্ভর করে সিদ্ধান্ত করা যায়) তৈরি করা যায়। সরকারি বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য সমস্ত শিল্পী/সাংস্কৃতিক সংগঠন ও অন্যান্য সংস্থা সমূহের বাছাই ও তালিকাভুক্ত করণ এবং গ্রেডেশন প্রদান করার জন্য রাজ্য সরকার “ ত্রিপুরা পলিসি ফর স্ক্রীনিং এন্ড এমপ্যানেলমেন্ট অব কালচার্যাল আর্টিস্টস/অর্গানাইজেশনস” নীতির অনুমোদন দেয় এবং গত ২১ সেপ্টেম্বর, ২০২০ এই নীতির বিজ্ঞপ্তি জারি হয়। রাজ্যের বিভিন্ন শিল্পী, সাংস্কৃতিক সংগঠন, ঘোষক, ঘোষিকা, বাচিকশিল্পী, চিত্রশিল্পী, ফটোগ্রাফার, ভিডিওগ্রাফার, ডেকোরেটর, সাউন্ড সিস্টেম প্রদানকারী, আলোকসজ্জা শিল্পী, এল ই ডি সিস্টেম প্রদানকারী ব্যক্তি ও সংগঠন গুলিকে পর্যায়ক্রমে অংশগ্রহণের সুযোগ দেওয়া এবং তাদের কর্মসংস্থানের উদ্দেশ্যেই এই নীতির প্রণয়ন করা হয়েছে।

এই নীতি আনুসারে :-

- ১) সরকারি বিভিন্ন দপ্তরে সারা বছর ব্যাপী বিভিন্ন অনুষ্ঠান ও কর্মসূচির আয়োজন করা হয়ে থাকে। সেসব ক্ষেত্রে শিল্পী, সাংস্কৃতিক সংস্থা, ঘোষক, ঘোষিকা, বাচিকশিল্পী, চারুশিল্পী, চিত্রশিল্পী, ফটোগ্রাফার, ভিডিওগ্রাফার, সাউন্ড সিস্টেম প্রদানকারী, আলোকসজ্জা শিল্পী, এল ই ডি সিস্টেম প্রদানকারী ব্যক্তি ও সংগঠন, মঞ্চসজ্জা অর্থাৎ ডেকোরেটর, গ্রাফিক্স প্রিন্টিং প্রভৃতি পেশাদারি লোকদের কাজে লাগানোর ক্ষেত্রে এই নীতি কমন স্ট্যান্ডার্ড গাইড লাইন হিসেবে কাজ করবে।
- ২) এই নতুন নীতি অনুসারে রাজ্যের বিভিন্ন ক্ষেত্রের শিল্পী, ঘোষক, ঘোষিকা, নাট্যদল, শ্রুতিনাটক শিল্পী, বাচিকশিল্পী, যাত্রাদল, সাংস্কৃতিক সংগঠন গুলিকে ‘এ’, ‘বি’ (হাই) এবং ‘বি’ এই তিন শ্রেণীতে ভাগ করা হবো। তাদের এই তিন শ্রেণীতে গ্রেডেশন-এর জন্য অডিশন-এর ব্যবস্থা করা হবে।
- ৩) যাদের প্রসারভারতীর গ্রেডেশন রয়েছে তাদেরও বিষয় ও ধরণ অনুযায়ী ‘এ’, ‘বি’ (হাই) এবং ‘বি’ শ্রেণীতে তথ্য ও সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে গ্রেডেশন দেওয়া হবে। একই পদ্ধতিতে অর্থাৎ ‘এ’, ‘বি’ (হাই) এবং ‘বি’ শ্রেণীতে যন্ত্রশিল্পীদের স্বীকৃতি বা গ্রেডেশন দেওয়া হবে। প্রসারভারতীর স্বীকৃত অর্থাৎ গ্রেডেড শিল্পীদের অডিশন দিতে হবে না। কিন্তু আবেদনপত্র জমা দিতে হবে প্রয়োজনীয় নথি সহ।
- ৪) নির্দিষ্ট শর্তাবলী পূরণ সাপেক্ষে ডেকোরেটর, সাউন্ড সিস্টেম প্রদানকারী, আলোকসজ্জা শিল্পী, এল ই ডি সিস্টেম প্রদানকারী এজেন্সিগুলিকেও তালিকাভুক্ত করা হবে। তেমনি গ্রাফিক্স, প্রিন্টিং কাজ-এর ক্ষেত্রেও তালিকাভুক্তদের কাজ দেওয়া হবে তাদের কাজের গুণমানের উপর নির্ভর করে।
- ৫) প্রতি তিন বছর অন্তর সরকারি তালিকাভুক্ত শিল্পীদের আপগ্রেডেশন এবং নতুন তালিকাভুক্তির ব্যবস্থা করা হবে।
- ৬) অডিশনের সময় রাজ্যের এবং বহিরাঙ্গের বিশেষজ্ঞগণ বিচারক হিসেবে উপস্থিত থাকবেন।
- ৭) ১০ নভেম্বর, ২০২০ থেকে আগামী ৩১ ডিসেম্বর, ২০২০ পর্যন্ত (ছুটির দিন ব্যতিত) তথ্য ও সংস্কৃতি দপ্তরের জেলা ও মহকুমা কার্যালয়ে আবেদন পত্র জমা দিতে হবে।
- ৮) আবেদনপত্রের নমুনা তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রধান কার্যালয়, জেলা ও মহকুমা কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। এছাড়াও দপ্তরের ওয়েবসাইট www.ica.tripura.gov.in অথবা www.tripura.gov.in থেকে ডাউনলোড করা যাবে।
- ৯) এই বিষয়ে বিস্তারিত জানতে তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রধান কার্যালয়, জেলা ও মহকুমা কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

100/0/822/20

অধিকর্তা
তথ্য ও সংস্কৃতি দপ্তর
ত্রিপুরা সরকার